লাতভিয়া

# অ্যাসাইলাম বর্ডার প্রক্রিয়া চলাকালীন রিসেপশনের ক্ষেত্রে আপনার অধিকার ও বাধ্যবাধকতা



এই তথ্য আপনার জানার জন্য, যদি:

- আপনি একজন প্রাপ্তবয়স্ক হন (18 বছরের চেয়ে বড়)
- আপনি লাতভিয়ায় আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেছেন (যাকে আশ্রয়ও বলা হয়) এবং আপনি এখন আন্তর্জাতিক সুরক্ষার পাওয়ার একজন আবেদনকারী।

BENGALI

# বিষয়বস্তু


রিসেপশন কি? 3

আপনি কোথায় থাকবেন? 6

আপনি কী কী পাবেন? 7

স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার 8

শিশুদের জন্য শিক্ষার অধিকার 11

ভাষা কোর্স এবং পেশাগত প্রশিক্ষণের অধিকার 12

আপনি যেখানে বসবাস করছেন সেখানে আপনার আর কী কী অধিকার আছে? 13

যে পরিস্থিতিতে একজন আবেদনকারীকে আটক করা যেতে পারে 14

আপনার রিসেপশন সংক্রান্ত বাধ্যবাধকতাগুলো কী কী? 15

যদি আপনি নিজের বাধ্যবাধকতাগুলো পালন না করেন, তাহলে কী হবে? 16

যদি আপনি কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যান, তাহলে কী হবে? 17

আপনি কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন 18

আপনি আইনি সহায়তা পেতে পারেন 19


যোগাযোগের তথ্য 20

## রিসেপশন কি?

রিসেপশন হলো সেই সহায়তা যা আপনি একজন আবেদনকারী হিসেবে পাবেন, যতক্ষণ না কর্তৃপক্ষ আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন পরীক্ষা করা শেষ করে। এটির মধ্যে রয়েছে রিসেপশনের অধিকার এবং দায়িত্বগুলো, যেগুলো এই ব্রোশারে ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে।

লাতভিয়ায় আশ্রয়প্রদানের দায়িত্বে থাকা কর্তৃপক্ষ হলো স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক দপ্তর। আপনার আশ্রয় প্রার্থনার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বশীল কর্তৃপক্ষ হলো নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক দপ্তর।

স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ আপনাকে এই পুস্তিকার তথ্য প্রাপ্তি নিশ্চিত করতে এবং স্বাক্ষর করতে বলবেন। যদি কোনো কিছু বুঝতে অসুবিধা হয় তাহলে স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষকে প্রশ্ন করুন।



**আপনি এই দেশে নিরাপদে আছেন।**

আপনার অবস্থানকালে, স্টেট বর্ডার গার্ডের সংশ্লিষ্ট কর্মকর্তারা আপনার পরিস্থিতি অনুযায়ী, আপনার জন্য উপলব্ধ আশ্রয় কেন্দ্রে অন্তর্ভুক্তির পরিষেবা ও সহায়তা সম্পর্কে অবহিত করবেন।



আপনি অন্যান্য প্রতিষ্ঠান থেকেও তথ্য এবং সাহায্য বিনামূল্যে চাইতে পারেন। আপনি এই পুস্তিকার শেষে প্রতিষ্ঠানগুলোর একটি তালিকা পাবেন।



প্রয়োজন হলে, একজন **দোভাষী** আপনাকে আপনার বোধগম্য ভাষায় সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে বার্তালাপ করতে সাহায্য করবেন। দোভাষী আপনার বলা কোনো কথাই অন্য কাউকে বলবেন না।

**এই পুস্তিকাটিতে অ্যাসাইলাম বর্ডার প্রক্রিয়া চলাকালীন আপনার রিসেপশন সংক্রান্ত অধিকার ও বাধ্যবাধকতা ব্যাখ্যা করা হয়েছে। অ্যাসাইলাম বর্ডার প্রক্রিয়ায় আন্তর্জাতিক সুরক্ষার আবেদন এবং অনুসরণীয় নিয়মাবলী সম্পর্কে তথ্য আপনি আলাদা পুস্তিকায় খুঁজে পেতে পারেন।**

## আপনি এখন লাতভিয়ায় আছেন, যা একটি EU+ দেশ।
## EU+ দেশগুলো হলো:

- ইউরোপীয় ইউনিয়ন (EU) এর 27 সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রিস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাতভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, স্পেন, সুইডেন, হাঙ্গেরি এবং
- অন্য 4 টি দেশ: আইসল্যান্ড, লিশটেনস্টাইন, নরওয়ে, সুইজারল্যান্ড।

## সাবধান!

আবেদনকারীদের সব EU+ দেশে একই ধরনের রিসেপশন সংক্রান্ত অধিকার এবং বাধ্যবাধকতা রয়েছে।

আশ্রয় প্রার্থনার আবেদন ও অন্য EU+ দেশে ভ্রমণ করার নিয়ম আছে।

- **আপনাকে অবশ্যই সেই EU+ দেশে আশ্রয়ের জন্য আবেদন করতে হবে এবংআপনার আবেদন রেজিস্টার করতে হবে যেখানে আপনি প্রথমবার পৌঁছিছিলেন,** যদি না কর্তৃপক্ষ আপনাকে অন্য কিছু করতে বলে।
- **আপনার আশ্রয়ের আবেদন যাচাই করার জন্য শুধুমাত্র একটি EU+ দেশ দায়িত্বশীল।** লাতভিয়ার কর্তৃপক্ষ একটি পদ্ধতি অনুসরণ করে সিদ্ধান্ত নেবে যে আপনার আশ্রয়ের আবেদনটি কোন EU+ দেশ গ্রহণ করবে।
- **আপনাকে অবশ্যই লাতভিয়ায় থাকতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ছাড়া আপনি অন্য কোনো EU+ দেশে ভ্রমণ করতে পারবেন না।** আপনি চলে গেলে নেতিবাচক পরিণতি হবে। আপনার আশ্রয়লাভের প্রক্রিয়া লাতভিয়ায় স্থগিত করা হবে এবং আপনার আবেদনটি প্রত্যাহার করা বা প্রত্যাখ্যান করা হয়েছে বলে গণ্য করা হবে। অন্য দেশে আপনার চলাচলের স্বাধীনতা সীমিত করা হতে পারে বা আপনাকে আটক করা হতে পারে এবং কিছু রিসেপশন পরিষেবা বাতিল করা হবে।

## আপনি কোথায় থাকবেন?

কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়েছে যে, আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদনটি বর্ডার কর্তৃপক্ষ কর্তৃক আশ্রয়প্রদান প্রক্রিয়ায় পরীক্ষা করা হবে।

আশ্রয় লাভের সীমান্ত প্রক্রিয়া চলাকালীন **আপনাকে একটি নির্দিষ্ট নির্ধারিত স্থানে অবস্থান করতে হবে।**

**আপনাকে অবশ্যই সেই জায়গার নিয়মকানুন মেনে চলতে হবে এবং সেই নির্দিষ্ট স্থানে আপনার উপস্থিতি নিয়মিতভাবে যাচাই করা হবে।**

আপনাকে কোন নির্দিষ্ট স্থানে থাকতে হবে, সেই বিষয়ক সিদ্ধান্তটি স্টেট বর্ডার গার্ড অবশ্যই (আপনার বোধগম্য ভাষায়) লিখিতভাবে জানাবে। আপনাকে আপনার অধিকার, বাধ্যবাধকতা এবং যদি আপনি এই সিদ্ধান্ত মেনে না চলেন তবে তার নেতিবাচক ফলাফল সম্পর্কে জানানো হবে।





আপনি আপিল করতে পারেন নির্দিষ্ট নির্ধারিত স্থানে থাকার সিদ্ধান্তের বিরুদ্ধে।

স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষকে আপনি জিজ্ঞাসা করতে পারেন যে বিশেষ পরিস্থিতিতে, সীমিত সময়ের জন্য অন্য কোথাও থাকা যাবে কি-না। প্রশাসকরা আপনার অনুরোধ মঞ্জুর করতে পারে বা নাও করতে পারে। যদি আপনার অনুরোধ প্রত্যাখ্যান করা হয়, আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।

## আপনি কী কী পাবেন?

যখন কর্তৃপক্ষ আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন পরীক্ষা করছে সেই সময়কালে আপনার ব্যক্তিগত ও আর্থিক পরিস্থিতির উপর নির্ভর করে, আপনি নিম্নলিখিত সুবিধাগুলি পাবেন:



- আবাসন



- ব্যক্তিগত পরিচ্ছন্নতার উপকরণ



- খাদ্য



- পোশাক



- দৈনন্দিন খরচের জন্য অর্থ

কর্তৃপক্ষ আপনার ব্যক্তিগত ও আর্থিক পরিস্থিতি আরও ভালোভাবে বোঝার জন্য আপনাকে প্রশ্ন করবে।

# স্বাস্থ্যসেবার অধিকার

কর্তৃপক্ষ আপনার **প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা** প্রাপ্তি নিশ্চিত করবে। এর মধ্যে উদাহরণস্বরূপ অন্তর্ভুক্ত হতে পারে: নার্স বা চিকিৎসকের সঙ্গে দেখা করা, গুরুতর রোগ এবং দীর্ঘস্থায়ী অসুস্থতা পরীক্ষা করা, চিকিৎসক দ্বারা প্রেসক্রাইব করা ওষুধ এবং মানসিক স্বাস্থ্য সহায়তা।



**যদি আপনার কোনো স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা থাকে, তাহলে  কর্মীদের জানান।**

আপনার যদি কোনো জরুরি স্বাস্থ্যগত সমস্যা বা এমন কোনো আঘাত লাগে যার জন্য অবিলম্বে চিকিৎসার প্রয়োজন, তাহলে কর্মীদের জানান অথবা ফ্রি এমারজেন্সি নম্বর 112-এ কল করুন।



ডাক্তার বা নার্সের কাছে আপনার স্বাস্থ্য পরীক্ষা করানো হবে। তারা আপনার স্বাস্থ্যের পরীক্ষা এবং সাহায্য করবেন। তারা আপনার বর্তমান বা অতীতের রোগ, ভ্যাকসিনের রেকর্ড এবং আপনি যেসব ওষুধ নিচ্ছেন সেই সম্পর্কে প্রশ্ন করবেন। তারা এরই সাথে আপনার কোনো আঘাত, ব্যথা, শারীরিক অবস্থা বা উদ্বেগ সম্পর্কেও প্রশ্ন করতে পারেন।

লাতভিয়ায় আপনার আশ্রয়প্রার্থনার আবেদন রেজিস্টার্ড হওয়ার পরে এবং আপনাকে বাসস্থানের ব্যবস্থা করে দেওয়ার পরে, আপনার টিউবারকিউলোসিস পরীক্ষা করা হবে, এটি করা বাধ্যতামূলক।

## যদি আপনার বিশেষ চাহিদা থাকে, তবে আপনি বিশেষ সহায়তা পাওয়ার অধিকার রাখেন।





**কর্মীদের জানান যদি:**

- আপনি অসুস্থ বা আহত হন
- আপনি গর্ভবতী হন বা হতে পারেন
- আপনার পরিবারের সদস্যদের বিশেষ সহায়তার প্রয়োজন হয়
- আপনার শারীরিক অক্ষমতা আছে (উদাহরণস্বরূপ, চলাফেরায় সীমাবদ্ধতা, শ্রবণহানি, দৃষ্টি সমস্যা)
- আপনি সর্বদা উদ্বিগ্ন, চিন্তিত বা উৎকণ্ঠিত বোধ করেন, ঘুমাতে না পারেন, বা নেতিবাচক চিন্তা আসে
- আপনি অতীতে হিংস্র আচরণ বা নির্যাতনের শিকার হয়েছেন
- আপনি অসুরক্ষিত বোধ করেন, হুমকির সম্মুখীন হন, অথবা কাউকে ভয় পান, হয় অপরিচিত কোনো ব্যক্তি অথবা আপনার পরিচিত কাউকে
- আপনাকে এমন কাজ করতে বাধ্য করা হয়েছে বা করা হচ্ছে যা আপনি করতে চান না
- আপনার ধর্মবিশ্বাস, আপনি যা ভালোবাসেন, আপনি যেভাবে পোশাক পরেন বা আচরণ করেন তার কারণে আপনি অসুরক্ষিত বোধ করেন।

বিশেষ সহায়তা শুধুমাত্র তখনই প্রদান করা যেতে পারে যখন স্টেট বর্ডার গার্ড কর্মী অথবা নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মীরা আপনার বিশেষ চাহিদা সম্পর্কে জ্ঞাত থাকবেন।





স্টেট বর্ডার গার্ড কর্মী এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক দপ্তরের কর্মীরা আপনাকে প্রশ্ন করবে যাতে:

- আপনার **বিশেষ চাহিদা**মূল্যায়ন করা যায়
- চিহ্নিত করা যায় **আপনার জন্য কোন বিশেষ সহায়তা সবচেয়ে উপযুক্ত**।

এটিকে বলা হয় **বিশেষ চাহিদার মূল্যায়ন।**

যদি প্রয়োজন হয়, একজন দোভাষী আপনাকে এমন একটি ভাষায় যোগাযোগ করতে সাহায্য করবে যা আপনি বুঝতে পারেন।



**যদি আপনার বিশেষ সহায়তার প্রয়োজন হয়, সর্বদা স্টেট বর্ডার গার্ড কর্মী অথবা নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক দপ্তরের কর্মীদের সাথে যোগাযোগ করুন।**

আপনি এই সহায়তা ততক্ষণ পাবেন যতক্ষণ কর্তৃপক্ষ মনে করবে আপনার এটির প্রয়োজন আছে।

আপনি চিকিৎসক, নার্স এবং স্টেট বর্ডার গার্ড কর্মী এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক  দপ্তরের কর্মীদের বিশ্বাস করতে পারেন এবং তাদের সাথে মন খুলে কথা বলতে পারেন। সমস্ত তথ্য গোপনীয় রাখা হবে, অর্থাৎ আপনার সম্মতি ছাড়া তা অন্যদের জানানো হবে না।

একমাত্র ব্যতিক্রম হলো যদি তোমার জীবন বা অন্য কারও জীবন ঝুঁকির মধ্যে থাকে।

# শিশুদের জন্য শিক্ষার অধিকার

18 বছরের কম বয়সী সকল শিশু, ছেলে ও মেয়েরা শিক্ষালাভের অধিকারী। তারা বিভিন্ন বিষয়ে সহায়তা পাবে, যেমন জাতীয় ভাষা শেখা।



লাতভিয়ায় আশ্রয়প্রার্থীদের 5 বছর বয়স থেকে প্রি-স্কুলের সুবিধা দেওয়া হয়, পাশাপাশি প্রাথমিক শিক্ষা (18 বছর বয়স পর্যন্ত) ও মাধ্যমিক স্তরের শিক্ষালাভের সুযোগও দেওয়া হয়।

**পিতামাতাদের সন্তানদের শিক্ষাদানের বাধ্যবাধকতা রয়েছে, যার মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা করাও অন্তর্ভুক্ত।**

## ভাষা কোর্স এবং পেশাগত প্রশিক্ষণ

আপনার পরিস্থিতির উপর নির্ভর করে, আপনি নিম্নলিখিত কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেন:

- ভাষা শিক্ষার কোর্স;
- যে দেশে আপনি বসবাস করছেন সেই সমাজ সম্পর্কিত কোর্স;
- পেশাগত প্রশিক্ষণ।



কর্মীরা আপনাকে এই কোর্সগুলোর সম্পর্কে এবং কখন শুরু করতে পারবেন, তা জানাবে।

**আপনার আবেদনটি বর্ডার কর্তৃপক্ষ কর্তৃক আশ্রয়দানের প্রক্রিয়ায় পরীক্ষাধীন থাকাকালীন, আপনি কাজ করতে পারবেন না।**

## আপনি যেখানে থাকছেন সেখানে আপনার আর কী কী অধিকার আছে?



- **নিরাপত্তার জন্য:** কর্মীসহ কেউই আপনাকে হুমকি দিতে, অপমান করতে বা আঘাত করতে পারবে না।




- **আপনার স্বামী, স্ত্রী, সন্তান এবং 18 বছরের কম বয়সী ভাইবোনদের সাথে অথবা দৈনন্দিন পরিচর্যার প্রয়োজন এমন কোনো প্রাপ্তবয়স্ক আত্মীয়ের সাথে থাকতে পারেন।**
- **আপনার আত্মীয়দের সঙ্গে থাকুন,** যদি আপনি একজন বয়স্ক হন এবং দৈনন্দিন পরিচর্যার প্রয়োজন হয়



- সাহায্য নিতে পারেন **যোগাযোগ করতে** আপনার পরিবারের সাথে এবং **তারা কোথায় আছে তা না জানলে তাদের খুঁজে বের করার জন্য**।

**আপনি আনুষ্ঠানিক অভিযোগ করতে পারেন যদি আপনি মনে করেন যে**



- স্টাফদের মধ্যে কেউ আপনাকে হুমকি দিয়েছে, অপমান করেছে বা ক্ষতি করেছে;
- কোনো কর্মকর্তার কোনো কাজ বা নিস্ক্রিয়তা আপনার ক্ষতি করেছে;
- আপনার মৌলিক অধিকার ও চাহিদা পূরণ হচ্ছে না।

স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ আপনাকে জানাবে কীভাবে আনুষ্ঠানিক অভিযোগ করতে হয়।

আপনি সবসময় কর্তৃপক্ষ, বেসরকারি সংস্থা বা জাতিসংঘ শরণার্থী সংস্থা (UNHCR)-এর কাছে আরও তথ্য চাইতে পারেন।

**সাবধান!** যদি আপনি এই নির্দিষ্ট জায়গায় থাকার সিদ্ধান্ত এবং আরোপিত নিয়ম না মানেন, এবং আবার পালিয়ে যাওয়ার ঝুঁকি থাকে, তবে আপনাকে আটক করা যেতে পারে।

## যে পরিস্থিতিতে একজন আবেদনকারীকে আটক করা যেতে পারে

আটক মানে হলো আপনাকে এমন একটি নির্দিষ্ট স্থানে রাখা, যেখান থেকে আপনি স্বেচ্ছায় বের হতে পারবেন না। কর্তৃপক্ষের কাছে আপনাকে আটক করার বৈধ কারণ থাকতে হবে। তাদের অবশ্যই নিশ্চিত হতে হবে যে আপনার ক্ষেত্রে অন্য কোনো বিকল্প সম্ভব নয়। স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার ব্যক্তিগত পরিস্থিতি বিবেচনা করবে।



এইসব আটকের কারণ হতে পারে, যেমন:

- আপনার আশ্রয় প্রার্থনার আবেদনের গুরুত্বপূর্ণ দিকসমূহ (যেমন আপনার পরিচয়) যা আটক করা ছাড়া যাচাই করা যায় না
- আপনি নির্দিষ্ট জায়গায় থাকার নিয়ম মানেন নি, আর আবার পালিয়ে যাওয়ার ঝুঁকি আছে এবং কর্তৃপক্ষ আপনার কাছে পৌঁছাতে পারছে না
- আপনাকে EU+ আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত দেশে স্থানান্তর করার সিদ্ধান্ত দেওয়া হয়েছে এবং স্থানান্তরের আগে পালিয়ে যাওয়ার ঝুঁকি আছে
- আপনি নিরাপত্তাজনিত ঝুঁকি সৃষ্টি করেছেন।

যদি আপনাকে আটক করা হয়, আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন। আপনি বিনামূল্যে আইনি সহায়তা এবং প্রতিনিধিত্বের জন্য অনুরোধ করতে পারেন।

# আপনার রিসেপশন সংক্রান্ত দায়িত্বগুলো কী কী?





**নিচে কিছু দায়িত্ব আছে যা আপনাকে মানতে হবে।**

- ✔ এই দেশের আইন অনুসরণ করুন।
- ✔ লাতভিয়ায় থাকুন এবং কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে ভ্রমণ করবেন না।
- ✖ যে জায়গায় থাকতে কর্তৃপক্ষ বলেছে, অনুমতি ছাড়া সেই জায়গা ছেড়ে যাবেন না।
- ✔ কর্তৃপক্ষের সাথে সম্পূর্ণরূপে সহযোগিতা করুন এবং তাদের নির্দেশাবলী অনুসরণ করুন।
- ✔ যেখানে থাকছেন, সেই জায়গার নিয়মগুলো মেনে চলুন।
- ✔ অন্যান্য বাসিন্দা, কর্মী এবং অন্যান্য ব্যক্তিদের সম্মান করুন।
- ✔ স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক দপ্তরের কর্তৃপক্ষকে আপনার যোগাযোগের তথ্য (টেলিফোন নম্বর, ইমেইল) জানিয়ে রাখুন, যাতে তারা সব সময় আপনার সাথে যোগাযোগ করতে পারে।

## যদি আপনি নিজের বাধ্যবাধকতাগুলি না মানেন, তাহলে কী হবে?



স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ আপনার পরিস্থিতি মূল্যায়ন করবে এবং হয়তো কিছু ধরনের সহায়তা কমিয়ে দিতে বা বাতিল করতে পারে। স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ আপনাকে এমন সিদ্ধান্ত সম্পর্কে লিখিতভাবে জানাবে এবং নির্দিষ্টভাবে উল্লেখ করবে কোন সহায়তা তারা কমাবে বা বাতিল করবে।

### সাবধান!

**আপনি কম সহায়তা পেতে পারেন**যেমন, যদি:

- আপনি কর্তৃপক্ষের বলা নির্দিষ্ট স্থান থেকে অনুমতি ছাড়াই চলে যান
- আপনি কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা না করেন
- আপনি আর্থিক সংস্থানের ব্যাপারে মিথ্যা বলেছেন
- আপনি যেখানে থাকছেন সেই জায়গার নিয়ম ভেঙেছেন
- আপনি অনুমতি ছাড়া এই দেশ ত্যাগ করলে আপনাকে এই দেশে ফেরত পাঠানো হবে।



**আপনি যে সাহায্য পাচ্ছেন সেটা হারাতে পারেন** যদি আপনি কাউকে আঘাত করেন, কাউকে ভয় দেখান, বা যেখানে থাকছেন সেখানকার নিয়মগুলো বারবার বা গুরুতরভাবে ভাঙেন। এই ক্ষেত্রে, পুলিশকেও হস্তক্ষেপ করার জন্য ডাকা হতে পারে।

**সাবধান!** যদি আপনি নির্দিষ্ট স্থানে থাকার বাধ্যবাধকতা এবং আরোপিত বিধিনিষেধ মেনে না চলেন, এবং কর্তৃপক্ষ আশঙ্কা করে যে আপনি আবার পালিয়ে যেতে পারেন:

- আপনাকে আটক করা হতে পারে
- আপনার আশ্রয় লাভের প্রক্রিয়া স্থগিত করা হবে এবং আপনার আবেদনটি প্রত্যাহার করা বা প্রত্যাখ্যান করা হয়েছে বলে গণ্য করা হবে। এর মানে হল যে আপনি আন্তর্জাতিক সুরক্ষা এবং এর সাথে সম্পর্কিত সমস্ত অধিকারের জন্য আবেদনকারী হিসাবে আপনার মর্যাদা হারাতে পারেন।

## যদি আপনি কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে অন্য কোনো EU+ দেশে চলে যান, তাহলে কী হবে?




**লাতভিয়াতে:**

- আপনার আশ্রয় লাভের প্রক্রিয়া স্থগিত করা হবে এবং আপনার আবেদনটি প্রত্যাহার করা বা প্রত্যাখ্যান করা হয়েছে বলে গণ্য করা হবে।

**যে EU+ দেশে আপনি অনুমতি ছাড়া গিয়েছিলেন:**

- কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে আপনাকে সেই দেশে ফেরত পাঠানোর যেটি আপনি অনুমতি ছাড়া ছেড়েছিলেন।

কর্তৃপক্ষ আপনাকে ফেরত পাঠানোর সিদ্ধান্ত জানানোর মুহূর্ত থেকে, আপনি কিছু নির্দিষ্ট অধিকার থেকে বঞ্চিত হবেন, যেমন:

- আপনি **অনেক পরিষেবা এবং বিভিন্ন ধরনের সহায়তা পাবেন না**
- আপনি **কাজ করতে পারবেন না**
- আপনাকে **ভাষা কোর্স বা নতুন দক্ষতা শেখার কোর্সে অংশ নেওয়ার অনুমতি দেওয়া হবে না।**

## আপনি কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।



যদি স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ আপনার আবেদনকারীর অধিকার সীমিত করার সিদ্ধান্ত নেয় এবং আপনি মনে করেন এটি অন্যায়, **আপনি সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন**।

আপনি আপিল করতে পারেন যদি স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ:

- আপনাকে দেওয়া রিসেপশন সহায়তা কমানো বা বাতিল করার;
- একটি নির্দিষ্ট নির্ধারিত স্থানে সাময়িকভাবে থাকার জন্য আপনার অনুরোধ; অনুমোদন না করার;
- সিদ্ধান্ত নেয় আপনাকে কোনো নির্দিষ্ট স্থানে থাকতে হবে;
- আপনাকে আটক করে।

যদি আপনি কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য EU+ দেশে ভ্রমণ করে থাকেন এবং সেখানে কিছু রিসেপশন সংক্রান্ত অধিকার হারিয়ে ফেলেন, তাহলে আপনি সেই দেশে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন

যদি লাতভিয়ার স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ 16 নম্বর পৃষ্ঠায় ব্যাখ্যা করা পরিস্থিতির কারণে আপনাকে দেওয়া অন্তর্ভুক্তি সহায়তা কমানো বা বাতিল করার সিদ্ধান্ত নেয়, তাহলেও আপনার কিছু অধিকার অবশিষ্ট থাকবে। উদাহরণস্বরূপ, আপনি চিকিৎসকের বা নার্সের সেবা নিতে পারবেন, চিকিৎসা সহায়তা পাবেন, কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী খাবার, পরিষ্কার পরিচ্ছন্নতার আইটেম সহ কিছু সহায়তা পাবেন এবং আপনার জন্য ঘুমানোর একটি জায়গা থাকবে।

সহায়তার ধরন নির্ভর করবে আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনের ওপর।

আপনি যে EU+ দেশে অনুমতি ছাড়া ভ্রমণ করেছেন, সেই দেশের কর্তৃপক্ষ যখন আপনাকে দেওয়া রিসেপশন সহায়তা বাতিল করার সিদ্ধান্ত নেয়, তখনও আপনি কী ধরণের সহায়তা পাবেন তা আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনীয়তার উপর নির্ভর করবে।

## আপনি আইনি সহায়তা পেতে পারেন



যদি আপনি বিচারকের সামনে কর্তৃপক্ষের আপনার অন্তর্ভুক্তির অধিকার সীমিত করার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে চান, তাহলে আপনার পরিস্থিতির উপর নির্ভর করে আপনি বিনামূল্যে আইনি সহায়তা এবং প্রতিনিধিত্ব পেতে পারেন।

এর মানে হলো একজন আইনি পরামর্শদাতা বা আইনজীবী আপনাকে সাহায্য করবে। আইনি পরামর্শদাতা বা আইনজীবী আপনাকে বিচারকের সামনে আইনি সহায়তা দেয়, আপনার স্বার্থ রক্ষা করে এবং তারা কর্তৃপক্ষ ও বিচরক নিরপেক্ষ ।

আপনি চাইলে নিজের খরচে একজন আইনি পরামর্শদাতা বা আইনজীবীর সঙ্গে পরামর্শ করতে পারেন।




স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ আপনাকে জানাবে কীভাবে সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে হবে।

আপনি সব সময় কর্তৃপক্ষ, বে-সরকারি সংস্থা বা UNHCR-এর কাছে আরও তথ্য জানতে পারেন, যার মধ্যে রয়েছে বিনামূল্যে আইনি সহায়তা এবং প্রতিনিধিত্বের তথ্য।

# যোগাযোগের তথ্য

যদি আপনার কোনো প্রশ্ন থাকে বা আপনার থাকার সহায়তা প্রয়োজন হয়, আপনি নিম্নলিখিত কর্মীদের সঙ্গে কথা বলতে পারেন:

## আশ্রয়কেন্দ্রে

**স্টেট বর্ডার গার্ড (State Border Guard)**
ঠিকানা: Rūdolfa iela 5, Riga
টেলিফোন: +371 67913300
ইমেইল: pasts@rs.gov.lv
https://www.rs.gov.lv/

**নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক দপ্তর**
**(Office of Citizenship and Migration Affairs)**
ঠিকানা: Čiekurkalna 1. līnija 1, k-3, Riga
টেলিফোন: +371 67209400
ইমেইল: pasts@pmlp.gov.lv
https://www.pmlp.gov.lv/

আপনি চাইলে নিচের প্রতিষ্ঠানগুলোর সাথেও যোগাযোগ করতে পারেন, যদি আপনার প্রশ্ন থাকে নিচের বিষয়গুলো নিয়ে:

## চিকিৎসা সহায়তা



**ন্যাশনাল হেলথ সার্ভিস**
ঠিকানা: Cēsu iela 31 k-3, entrance 6, Riga
টেলিফোন: +371 80001234
ইমেইল: nvd@vmnvd.gov.lv
https://www.vmnvd.gov.lv

## মনোঃসমাজিক সহায়তা



**ইউনিফায়েড ফ্রি ক্রাইসিস হটলাইন: 116 123**
এটি প্রাপ্তবয়স্কদের মানসিক-আবেগগত সহায়তা দেওয়ার জন্য তৈরি, তার পাশাপাশি এখানে মনোবিদের সাথে ফ্রি কাউন্সেলিংয়েরও সুবিধা আছে। এই সহায়তা লাতভিয়ান, ইংরেজি ও রাশিয়ান ভাষায় পাওয়া যায়।
টেলিফোন - 116 123

## আইনি পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব



কোর্ট অ্যাডমিনিস্ট্রেশন
ঠিকানা: Antonijas iela 6, Riga
টেলিফোন: +371 67063800
ইমেইল: pasts@ta.gov.lv
https://www.ta.gov.lv/

| | |
|---|---|
| **UNHCR (UN রিফিউজি এজেন্সি)** | ঠিকানা: Antonijas iela 9, Riga<br>টেলিফোন: +46 10 101 28 00<br>ইমেইল: swest@unhcr.org<br>https://www.unhcr.org/ |
| **সোসাইটি ইন্টিগ্রেশন ফাউন্ডেশন ওয়ান স্টপ শপ** | ওয়ান স্টপ শপের গ্রাহক পরিষেবা কেন্দ্রের ঠিকানা:<br>Raiņa bulvāris 15, Riga, টেলিফোন.: +371 26959706<br>Rožu iela 6, Liepāja, টেলিফোন: +371 22811020<br>Ģimnāzijas iela 11, Daugavpils, tel.: +371 29557630<br>https://livelatvia.lv/ |
| **লাতভিয়ার মানবাধিকার কেন্দ্র** | ঠিকানা: Alberta iela 13, Riga<br>টেলিফোন: +371 67039290<br>e-mail: office@humanrights.org.lv<br>https://cilvektiesibas.org.lv/ |

যদি আপনার কোনো জরুরি চিকিৎসার প্রয়োজন হয় বা আপনি বিপদে পড়েন,তাহলে এই জরুরি নাম্বারে কল করতে পারেন:

**জরুরি চিকিৎসা পরিষেবা ও পুলিশ: 112**

# আমার নোট

এই পুস্তিকাটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি স্বয়ংক্রিয়ভাবে কোনো অধিকার বা বাধ্যবাধকতা তৈরি করে না। ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এই যাবতীয় তথ্যের মূল অংশ প্রদান করেছে, এবং এই পুস্তিকাটির পুনঃউৎপাদন বা পরিবর্তন কেবল EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA দ্বারা অনুমোদিত। EUAA কোনোভাবেই এই পুস্তিকাটির EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষ দ্বারা অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, আইনি বা নির্ভরযোগ্যতার জন্য কোনো দায়িত্ব বা দায়ভার গ্রহণ করে না। EUAA বা EUAA এর পক্ষে কাজ করা কোনো EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তিই এই পুস্তিকায় দেওয়া তথ্য ব্যবহার করার জন্য দায়ী নয়।

© ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025